

বিবেকানন্দ কলেজে বসন্ত উৎসব



নিজস্ব প্রতিনিধি, কলকাতা
 ঋতুরাজ বসন্তের আগমনের রঙে সকলকে রাঙিয়ে তুলতে বিবেকানন্দ কলেজের জাতীয় সেবা প্রকল্প (এন. এস. এস) বিভাগ-এর অধীনে ২০ মার্চ একটি আনন্দ উল্লাস মুখরিত অনুষ্ঠান উদযাপিত হয়। এই অনুষ্ঠানের মূল আকর্ষণের কেন্দ্রে বিন্দুতে ছিল কলেজ পড়ুয়ারা ও পার্শ্ববর্তী অঞ্চলের ছোট ছোট কচিকাঁচাদের সংগীত, আবৃত্তি ও নৃত্য। এই উৎসবকে সফল করতে কলেজের সকল বিভাগের অধ্যাপক-অধ্যাপিকা, ছাত্রছাত্রীদের পাশাপাশি ছাত্র সংসদও গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। শান্তিনিকেতনের রবীন্দ্রস্বরূপকে মাথায় রেখেই মূলত এই অনুষ্ঠান। অধ্যাপক-অধ্যাপিকা ও ছাত্রছাত্রীদের সম্মিলিতভাবে কলেজ পরিক্রমের মধ্য দিয়ে এই অনুষ্ঠানের সূচনা হয়। ছাত্রছাত্রীরা সংগীত, নৃত্য, গীতিনাট্য, আলোচনা, কবিতাপাঠের মতো বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে পুরাণে রাধাকৃষ্ণের প্রেম মধুর

জীবনের কাহিনীও তুলে ধরছে। শিশু, নবীন, প্রবীন, সকলকে আনন্দ দিতে ছিল আধুনিক গানের

উপস্থাপনা।
 কলেজ অধ্যক্ষ মাননীয় তপন কুমার পোদ্দার মহাশয় এই অনুষ্ঠানের সাক্ষ্যে যথেষ্ট খুশি এবং তিনি আশা রাখেন এই অনুষ্ঠান এর সূচনা কলেজকে সাংস্কৃতিক দিক থেকে ভবিষ্যতে আরও সমৃদ্ধ করে তুলবে। এন এস এস প্রধান মাননীয় আশা শ মনে করেন, এই উদ্যোগ মানসিকতা উন্নয়নের পাশাপাশি ধর্মীয় ভেদাভেদ থেকে বর্তমান প্রজন্মকে মুক্ত পথের দিশা দেখাবে।



দেখুন আর সাবস্ক্রাইব করুন আমাদের ইউ টিউব চ্যানেল

বেবীপালী

মাতৃস্নেহসম কাজ করে। সর্বজনীন ও সর্বকালীন অ্যাসেসের অফেন্স। মাতৃস্নেহের পরিকল্পনামূলক যত্ন মেট্রোতেও সাহায্য করে।

ছিনোপার্টী - স্বপ্ন পরিচালিতঃ জেলিফিল্ড
 বাস্তবিক - সবকাজে মাঝে মাঝেই উপস্থিতঃ জগদীশ্বর
 সিরাজুলি ও কুরুলি - ঠিক মুখের হাসিখিঁচু। মুখের ও হাসির কবিতাঃ সুখের হাতীঃ অক্ষয়ঃ
 কেশপার্টী - স্পষ্টঃ অকাল্পিতঃ, সুখি ও হলের মধ্যে হাতের মেয়ে মুখের হাসিঃ

প্রস্তুতকারক - গিটপীলী ফার্মাকেস প্রাঃ লিমিটেড (জি.এম.পি, স্যাটিফায়ড কোম্পানি) শান্তিনগড়, বিরাট, কলকাতা - ৭০০০৫৯
Mob: ৯৮৬৩৯৩০০৭৩ ২৪৬৯১৭/০৩৩১ ২৫১১৪৬১২৯

বিবেকানন্দ কলেজে বসন্ত উৎসব



সংবাদ নজর প্রতিবেদন: ঋতুরাজ বসন্তের আগমনে সকলকে রাঙিয়ে তুলতে জাতীয় সেবা প্রকল্পের অধীনে ঠাকুরপুকুর বিবেকানন্দ কলেজের সাংবাদিকতা বিভাগের উদ্যোগে 'রাঙিয়ে দিয়ে যাও' শীর্ষক এক আনন্দ উল্লাস মুখরিত বসন্ত উৎসব উদযাপিত হল বুধবার। কলেজ পড়ুয়া থেকে শুরু করে পার্শ্ববর্তী অঞ্চলের কচিকাঁচাদের নিয়ে এক অনিন্দ্যসুন্দর

সঙ্গীত আবৃত্তি ও নৃত্যানুষ্ঠান উপস্থিত সকলকে মুগ্ধ করে। এই অনুষ্ঠান আয়োজনের পেছনে শান্তিনিকেতনের বসন্ত উৎসবের প্রভাব চোখে পড়েছে। এদিন কলেজের অধ্যাপক-অধ্যাপিকারা এবং ছাত্রছাত্রীরা সম্মিলিত ভাবে কলেজ পরিক্রমের মধ্যে দিয়ে অনুষ্ঠানের সূচনা করেন। সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে বিশেষ করে সকলের ভাল লাগাকে ছুঁয়ে যায় রাধাকৃষ্ণের প্রেম

মধুর জীবন কাহিনী। এছাড়াও গীতিনাট্য, কবিতাপাঠ, সঙ্গীত এবং নৃত্যানুষ্ঠান উপস্থিত সবাইকে আনন্দ দিয়েছে।
 কলেজের অধ্যক্ষ তপন কুমার পোদ্দার মহাশয় অনুষ্ঠানের সাক্ষ্যে নিজের খুশির কথা জানিয়ে বলেন, এই বসন্ত উৎসব উপলক্ষে যে সাংস্কৃতিক ক্রিয়া কর্মের আয়োজন করা হয়েছে তা আগামী দিনে বিবেকানন্দ কলেজকে সাংস্কৃতিক

দিক থেকে এগিয়ে যেতে সাহায্য করবে। সমগ্র কলেজে একটি সাংস্কৃতিক বাতাবরণ তৈরি করতে এই ধরনের প্রয়াস অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে বলে তাঁর বিশ্বাস। এনএসএস প্রধান অধ্যাপক আকাশ শ জানিয়েছেন, অধ্যাপক অধ্যাপিকা ও ছাত্রছাত্রীদের এই মিলিত উদ্যোগ সাম্প্রদায়িক ভেদাভেদ দূর করবে এবং বর্তমান প্রজন্মকে মুক্ত পথের দিশা দেখাবে।